

কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষকের ওপর হামলার নিন্দা

ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন ও সাধারণ সম্পাদক বিমল বিশ্বাস গত বুধবার এক যুক্ত বিবৃতিতে কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদকারী ছাত্র-শিক্ষকের উপর পুলিশের হামলা ও গুলীবর্ষণের ঘটনায় নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন। বাম গণতান্ত্রিক ফ্রন্টের কেন্দ্রীয় পরিচালনা পরিষদ ও কৃষিবিদ ইনস্টিটিউশন পৃথকভাবে অনুরূপ বিবৃতি দিয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান,

কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষকের উপর পুলিশ ও বিডিআরের হামলার প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয় সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট বুধবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। শেষে এক সমাবেশে ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক সুশান্ত সিনহা, সাঈদ আখতার প্রমুখ বক্তব্য রাখেন।